SHANTA Life

শান্তা

# এনডাওমেন্ট প্ল্যান



# শান্তা এনডাওমেন্ট প্ল্যান

## জীবনের পথচলায় এগিয়ে...

শান্তা এনডাওমেন্ট প্ল্যান আপনাকে একটি নির্দিষ্ট পরিমাণ বীমাকৃত অর্থের নিশ্চয়তা প্রদান করে। এই বিশেষ প্ল্যানটি সঞ্চয় এবং জীবন বীমার সঠিক সমন্বয়ে তৈরি, যা আপনার পরিবারের আর্থিক সুরক্ষার পাশাপাশি একটি নিরাপদ ভবিষ্যতের জন্য সঞ্চয় পলিসি হিসেবে কাজ করে।

## মূল সুবিধাসমূহ

- মেয়াদপূর্তি মূল্য
- মৃত্যুজনিত আর্থিক সুরক্ষা
- সারেন্ডার ও ঋণের সুবিধা
- ট্যাক্স বেনিফিট
- সহযোগী বীমা নেবার সুযোগ
- অতিরিক্ত সময়

# এক নজরে
# শান্তা এনডাওমেন্ট প্ল্যান

## বীমাকৃত ব্যক্তির বয়স

| সর্বনিম্ন ৩০ দিন | সর্বোচ্চ ৬০ বছর |
|---|---|

## বীমার মেয়াদ

১০ থেকে ২৫ বছর পর্যন্ত যেকোনো মেয়াদে

## প্রিমিয়াম প্রদানের ধরন

বার্ষিক / অর্ধবার্ষিক / ত্রৈমাসিক / মাসিক

প্রিমিয়াম প্রদানের ধরন বার্ষিক হলে, সর্বমোট প্রদেয় প্রিমিয়াম অন্য সকল প্রিমিয়াম প্রদানের ধরনের (মাসিক / ত্রৈমাসিক / অর্ধবার্ষিক) চেয়ে কম হবে।

## প্রিমিয়াম মূল্য

আপনার জীবনযাত্রার মানের সাথে সামঞ্জস্যপূর্ণ

# শান্তা এনডাওমেন্ট প্ল্যানের মূল সুবিধাসমূহ

## মেয়াদপূর্তি মূল্য

মেয়াদপূর্তিতে, বীমাকৃত ব্যক্তিকে সম্পূর্ণ নিশ্চিত বীমাঅঙ্ক প্রদান।

## মৃত্যুজনিত আর্থিক সুরক্ষা

বীমা চলাকালীন, মৃত্যুর ক্ষেত্রে, সম্পূর্ণ নিশ্চিত বীমাঅঙ্ক বীমাকৃত ব্যক্তির সুবিধাগ্রাহীকে প্রদান।

## সারেন্ডার ও ঋণ সুবিধা

আপনার পলিসি অনুযায়ী, পূর্ব নির্ধারিত সারণির ওপর ভিত্তি করে নির্দিষ্ট ক্যাশ সারেন্ডার ভ্যালু প্রদান করা হবে। বীমাকৃত ব্যক্তি পলিসির বিপরীতে চতুর্থ বর্ষ থেকে ঋণের জন্য আবেদন করতে পারবেন, যার পরিমাণ পলিসির ক্যাশ সারেন্ডার ভ্যালুর সর্বোচ্চ ৮০% পর্যন্ত হতে পারে।

## ট্যাক্স বেনিফিট

বাংলাদেশের আইন অনুযায়ী, প্রদেয় আয়করের ক্ষেত্রে ট্যাক্স বেনিফিটের জন্য পলিসি প্রিমিয়াম অনুমোদিত বিনিয়োগ হিসেবে বিবেচিত হবে, যা সময়ের সাথে পরিবর্তিত হতে পারে। বিস্তারিত জানতে আপনার আয়কর উপদেষ্টার পরামর্শ নিন।

## অতিরিক্ত নিরাপত্তা সুবিধা সংযোজনের সুযোগ

শান্তা লাইফ এর প্রতিটি পলিসির সাথে থাকছে আরও অতিরিক্ত বীমা সুবিধা নেওয়ার সুযোগ, যা গ্রাহককে দেবে বীমা চলাকালীন সময়ে অতিরিক্ত কাভারেজের, যার আওতায় আছে-

১। ২৫টি পর্যন্ত জটিল ব্যাধিতে আর্থিক সুবিধা

২। দুর্ঘটনাজনিত কারণে চিকিৎসায় আর্থিক সুবিধা

৩। দুর্ঘটনাজনিত মৃত্যুতে বীমা অঙ্কের দিগুণ কাভারেজ (মূল পলিসি কাভারেজ সহ)

৪। স্থায়ী পূর্ণাঙ্গ অথবা আংশিক শারীরিক অক্ষমতায় আর্থিক সুবিধা

## অতিরিক্ত সময়

এই পলিসিতে প্রিমিয়াম পরিশোধের নির্ধারিত তারিখে প্রিমিয়াম পরিশোধিত না হলে, বকেয়া প্রিমিয়াম পরিশোধ করার সুবিধার্থে ৩১ দিনের একটি অতিরিক্ত সময় প্রদান করা হয়।

## আমি কি এই পলিসিটি ক্রয়ের জন্য উপযুক্ত?

৩০ দিন বয়স হতে ৬০ বছর পর্যন্ত বাংলাদেশের যেকোনো নাগরিক পলিসিটির আওতাভুক্ত হতে পারেন। তবে মেয়াদপূর্তিতে বীমাকৃত ব্যক্তির বয়স সর্বোচ্চ ৭০ বছর হতে পারবে।

## আমি এই পলিসি কীভাবে ক্রয় করতে পারি?

আপনার জন্য নিয়োজিত রিলেশনশিপ ম্যানেজার/অফিসারের সঙ্গে পরামর্শ করতে পারেন। হটলাইন: ০৯৬১০৮৮৯৯০০
যেকোনো কার্যদিবসে ( সকাল ১০:০০ ঘটিকা হতে সন্ধ্যা ৬:০০ ঘটিকা পর্যন্ত )

## কীভাবে আমি প্রিমিয়ামের অর্থ পরিশোধ করবো?

অনুগ্রহ করে আবেদন ফরম পূরণ করুন এবং নিচের যেকোনো একটি পদ্ধতির মাধ্যমে প্রিমিয়াম প্রদান করুন:

**১.ব্যাংক ট্রান্সফার:**

| | |
|---|---|
| ব্যাংক নাম: ব্র্যাক ব্যাংক | রাউটিং নম্বর: ০৬০২৬১৭২৬ |
| অ্যাকাউন্ট নাম: Shanta Life Insurance PLC | ব্রাঞ্চ নাম: গুলশান ব্রাঞ্চ |
| অ্যাকাউন্ট নম্বর: ২০৬৫২৬২৯০০০০১ | |

অনলাইনের মাধ্যমে প্রিমিয়াম পরিশোধ করার সময় আপনার পুরো নাম রেফারেন্স সেকশনে উল্লেখ করুন।

**২. অ্যাকাউন্ট পেয়ি চেক**

## যদি আমি মাঝপথে পলিসি বন্ধ করতে চাই?

আপনার পলিসির শর্তাবলি অনুযায়ী ২ বছর নিয়মিত প্রিমিয়াম প্রদান করা সাপেক্ষে পলিসিটি সারেন্ডার করা যায়, এক্ষেত্রে আপনি ক্যাশ সারেন্ডার ভ্যালু প্রাপ্য হবেন।

# বিশেষ দ্রষ্টব্য

১. এই পলিসিটি শান্তা লাইফ ইন্স্যুরেন্স পিএলসি কর্তৃক অবলিখিত এবং সর্বদা পলিসিতে বর্ণিত শর্তাদি ও শর্তাবলির অধীনে থাকবে।

২. এই পুস্তিকার তথ্যসমূহ গ্রাহকদের শুধু সাধারণ ধারণা প্রদান/উদাহরণস্বরূপ ব্যবহার করা হয়েছে। শর্তাদি, শর্তাবলি ও ব্যতিক্রমসমূহ বিস্তারিতভাবে বীমা চুক্তিপত্রে অন্তর্ভুক্ত আছে।

৩. এই পুস্তিকার তথ্য ও বীমা চুক্তিপত্রের মধ্যে যেকোনো অসামঞ্জস্যতার ক্ষেত্রে, বীমা চুক্তিপত্রটি চূড়ান্ত বলে গণ্য হবে।

# শান্তা লাইফ

আমরা শান্তা লাইফ ইন্স্যুরেন্স পিএলসি, উদ্ভাবন ও নতুনত্বের মাধ্যমে বীমা খাতের নতুন সংজ্ঞায়নের প্রতিশ্রুতিতে বাংলাদেশের বীমা অঙ্গনের নেতৃত্বদানকারী একটি নাম হিসেবে নিজেদের প্রতিষ্ঠা করার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করি।

আমাদের উদ্দেশ্য আপনার জীবনের স্বপ্ন বাস্তবায়নের পথে সহজ ও কার্যকর সুরক্ষা এবং সমাধান প্রদানের মাধ্যমে সবচেয়ে বিশ্বস্ত বীমা কোম্পানি হিসেবে সর্বদা পাশে থাকা। এক ঝাঁক বৈচিত্র্যপূর্ণ, উদ্যমী ও বুদ্ধিদীপ্ত অভিজ্ঞ পেশাজীবীদের সমন্বয়ে গঠিত আমাদের পরিবার। গ্রাহকের পাশে থাকার প্রত্যয়ের পাশাপাশি একটি দূরদৃষ্টিসম্পন্ন ও সুশাসন দ্বারা পরিচালিত মূলনীতির মাধ্যমে আমরা সবার চেয়ে ভিন্ন ও আস্থাযোগ্য হয়ে উঠার শপথ করি।

SHANTA Life


**শান্তা লাইফ ইন্স্যুরেন্স পিএলসি**

শান্তা ওয়েস্টার্ন টাওয়ার (লেভেল ১০), ১৮৬ বীর উত্তম মীর শওকত সড়ক,
তেজগাঁও গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮। হটলাইন নম্বর: ০৯৬১০৮৮৯৯০০




Version-2